# শিক্ষকদের বেতন-ভাতার বৈষম্য দূর করতে হবে

দেশের এমপিওভুক্ত শিক্ষকদের বেতন সরকারি শিক্ষকদের তুলনায় অনেক কম। একই গ্রেডে, একই শিক্ষকতা যোগ্যতা নিয়ে চাকরি করে, শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ হয়েও তাদের বেতন ভাতায় রয়েছে পাহাড়সম বৈষম্য। সরকারি শিক্ষকরা যেখানে ৪৫% বাড়ি ভাড়া পায়, চিকিৎসা ভাতা পায় ১৫০০ টাকা, ১০০% উৎসব ভাতা পায়, সেখানে এমপিওভুক্ত শিক্ষকরা বাড়ি ভাড়া পান মাত্র ১০০০ টাকা, চিকিৎসা ভাতা পান ৫০০ টাকা আর উৎসব ভাতা পান বেতনের ২৫%।

একজন শিক্ষক যোগদান করে বেতন পান মাত্র ১২৫০০ টাকা যার ২৫% হয় ৩১৫০ টাকা। এই উৎসব ভাতা দিয়ে বর্তমান বাজারে একজন শিক্ষক কিভাবে তার সংসারের চাহিদা মেটায় তা বোধগম্য নয়। শিক্ষকদের আর্থিক অবস্থার পরিবর্তন করতে না পারলে শিক্ষার উন্নতি বাধাগ্রস্ত হবে বলে আমার বিশ্বাস। তাছাড়া সামান্য এই উৎসব ভাতা দিয়ে একজন শিক্ষকের পক্ষে সংসারের চাহিদা মেটানো সম্ভব নয়। বর্তমান বাজারে পরিবারের সদস্যদের কেনাকাটা, কোরবানি দেয়া ইত্যাদি নানারকম খরচ সামাল দেয়া কতটুকু সম্ভব?

তাই অনতিবিলম্বে বাড়ি ভাড়া, চিকিৎসা ভাতা ও শতভাগ উৎসব ভাতা বৃদ্ধি করে প্রজ্ঞাপন জারি করতে মাননীয় শিক্ষা উপদেষ্টা ও অর্থ উপদেষ্টার নিকট বিনীত অনুরোধ করছি।

**লতিফুল ইসলাম**

# পরিবেশ সুরক্ষায় সবুজ অর্থনীতি

সবুজ অর্থনীতি হচ্ছে টেকসই উন্নয়নের একটি কৌশল, যা প্রাকৃতিক সম্পদের সুষম ব্যবহার এবং পরিবেশবান্ধব নীতির মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে সহায়তা করে। বর্তমান বিশ্বে জলবায়ু পরিবর্তন, পরিবেশ দূষণ এবং প্রাকৃতিক সম্পদের অতি ব্যবহারের ফলে সবুজ অর্থনীতির প্রয়োজনীয়তা ক্রমশ বাড়ছে।

পরিবেশের কোনো ক্ষতি না করে কীভাবে উন্নয়ন কার্যক্রম পরিচালনা করা যায়, সেটিই সবুজ অর্থনীতির মূল আলোচ্য বিষয়। সবুজ অর্থনীতি মূলত জীবাশ্ম জ্বালানির ওপর নির্ভরতা কমিয়ে নবায়নযোগ্য শক্তি ব্যবহারকে উৎসাহিত করে। এই খাতে বিনিয়োগ শুধু পরিবেশ রক্ষায় সাহায্য করে না, বরং নতুন কর্মসংস্থান সৃষ্টি এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করে। সবুজ অর্থনীতির গুরুত্বপূর্ণ দিক হলো টেকসই কৃষি ও বন ব্যবস্থাপনা। এটি ভূমির অবক্ষয় রোধ, পানি ব্যবস্থাপনার উন্নয়ন এবং জৈব সার ব্যবহারের মাধ্যমে খাদ্য উৎপাদনের পরিমাণ ও গুণগত মান বৃদ্ধি করে। টেকসই কৃষি ব্যবস্থায় জৈব পদ্ধতির ব্যবহার বৃদ্ধি পাওয়ায় অনেক দেশ কৃষিক্ষেত্রে পরিবেশবান্ধব নীতি গ্রহণ করেছে।

সবুজ অর্থনীতি শুধুমাত্র পরিবেশ সংরক্ষণের উপায় নয়; এটি অর্থনৈতিক বৈষম্য দূরীকরণ এবং সামাজিক ন্যায় প্রতিষ্ঠায়ও ভূমিকা রাখে। পরিবেশের জন্য সবুজ অর্থনীতি শুধু একটি নীতি নয়, এটি ভবিষ্যৎ পৃথিবীর জন্য একটি স্থায়ী সমাধান। অর্থনৈতিক উন্নয়ন এবং পরিবেশের ভারসাম্যের মধ্যে সমন্বয় ঘটিয়ে এই ধারণা বর্তমান প্রজন্মের পাশাপাশি ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি টেকসই ও সমৃদ্ধ পৃথিবী গড়ে তোলার পথ দেখাচ্ছে।

মালিহা মেহনাজ